



বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ  
নৌপরিবহন মন্ত্রণালয়  
স্থলবন্দর ভবন, এফ-১৯/এ, আগারগাঁও, শেরেবাংলা  
নগর, ঢাকা-১২০৭।  
www.blpa.gov.bd



নম্বর: ১৮.১৫.০০০০.০০০.০২০.০৪.০০৫০.১৬.৭৯


তারিখ: ২৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ  
০৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

## আইনজীবী প্যানেল নিয়োগ বিজ্ঞপ্তি

বিষয়: বিজ্ঞপ্তি ০৮ ফেব্রুয়ারি ২০২৬

বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ-এর পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলা পরিচালনা ও প্রতিদ্বন্দিতার জন্য মহামান্য আদালতে প্রয়োজনীয় সংখ্যক আইনজীবী প্যানেল নিয়োগের লক্ষ্যে আগ্রহী বিজ্ঞ আইনজীবীগণ এর নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহ্বান করা হলো:

১.	আবেদনকারী আইনজীবীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং ন্যূনতম এল.এল.বি (অনার্স) ডিগ্রিধারী হতে হবে।
২.	আবেদনকারীর নাম, পিতা/মাতা/স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে), স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, চেম্বারের ঠিকানা, বয়স, উচ্চ ও নিম্ন আদালতে মামলা পরিচালনার অভিজ্ঞতা, মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্তসহ আবেদন করতে হবে।
৩.	আবেদনপত্রের সাথে জাতীয় পরিচয়পত্র, বার কাউন্সিল সনদপত্র, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি ও উচ্চ/নিম্ন আদালতে মামলা পরিচালনার অভিজ্ঞতাসহ সকল সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
৪.	আবেদনকারী আইনজীবীকে নিম্ন আদালতে ন্যূনতম ১০ (দশ) বছর ও উচ্চ আদালতে ন্যূনতম ৫ (পাঁচ) বছর মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।
৫.	মামলা পরিচালনা ও অন্যান্য আইনগত মতামত প্রদানের জন্য আইনজীবী প্যানেল বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের অনুমোদিত "রেট অব ফি" অনুসারে পেশাগত ফি প্রাপ্য হবেন।
৬.	অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তার প্রমাণসহ আবেদনপত্রে উল্লেখ করতে হবে।
৭.	নিয়োগপ্রাপ্ত আইনজীবী প্যানেলের মেয়াদ নিয়োগ প্রাপ্তির পর হতে ০২ (দুই) বছর হবে। তবে সংস্থা/কর্তৃপক্ষ উক্ত মেয়াদ হ্রাসবৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করে।
৮.	নিয়োগপ্রাপ্ত আইনজীবী প্যানেল নিয়োগকারী সংস্থার বিরুদ্ধে বাংলাদেশের কোন আদালতে মামলা পরিচালনা করতে পারবেন না।
৯.	আইনজীবী প্যানেল হতে অব্যাহতি গ্রহণ করতে চাইলে ৩০ (ত্রিশ) দিন পূর্বে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষকে নোটিশ প্রদান করতে হবে এবং নিয়োগকারী সংস্থা ৩০ (ত্রিশ) দিনের পূর্ব নোটিশ প্রদানের মাধ্যমে আইনজীবী/আইনজীবী প্যানেলকে অব্যাহতি প্রদান করতে পারবে।
১০.	বর্ণিত শর্তানুসারে আগামী ০৫/০৩/২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে চেয়ারম্যান, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, স্থলবন্দর ভবন, এফ-১৯/এ, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে।
১১.	কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন অথবা সকল আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। আইনজীবী প্যানেল নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
১২.	অসম্পূর্ণ ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।



০৮-০২-২০২৬  
শহিদুল ইসলাম  
উপসচিব, পরিচালক (প্রশাসন)  
directoradmin@blpa.gov.bd

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

- ১। পরিচালক (বোর্ড), চলতি দায়িত্ব, বোর্ড শাখা, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ (একটি ইংরেজী ও একটি বাংলা দৈনিক পত্রিকায় প্রকাশের অনুরোধসহ) এবং
- ২। সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ (ওয়েবসাইট [www.blpa.gov.bd](http://www.blpa.gov.bd)-তে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

